

2 0 1 9

BENGALI

(Modern Indian Language)

(Upanyas Ebong Gadya)

Full Marks : 60

Time : 3 hours

The figures in the margin indicate full marks
for the questions

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) 'স্মৃতি' গল্পের মাস্টারবাবু 'মোসাফিরদের রোজ মাংনিতে' কি খাওয়াতেন ?
- (খ) "ভাল ক'রে খুঁজে দেখ, কেউ নিশ্চয় পাগল হয়েছে।" বক্তা কে ?
- (গ) 'তাজমহল' গল্পের ফকির শা-জাহানের স্ত্রীর কী অসুখ হয়েছিল ?
- (ঘ) দুর্লভ চক্রবর্তী কোন্ জমিদারের গোমস্তা ছিলেন ?
- (ঙ) প্রফুল্ল কৃষ্ণগোবিন্দ দাসের ভাঙা বাড়িতে কত ঘড়া মোহর পেয়েছিল ?
- (চ) প্রফুল্লর বাড়ি কোন্ গ্রামে ছিল ?
- (ছ) ব্রজেশ্বর যে অতিথিশালা নির্মাণ করেছিল তার নাম কী ?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

২×৪=৮

- (ক) “ভূমি তো সেদিনকার ছোঁড়া হে, তোমার কথার আবার মূল্য কী?” বক্তা কে? ‘সেদিনকার ছোঁড়া’র নাম কী?
- (খ) “হাজারীবাগের পার্বত্য প্রদেশে ইহাদের বাস।” ‘ইহাদের’ বলতে কাদের কথা বলা হয়েছে?
- (গ) “আমরা ছোটলোক—আমাদের দেবতা বামুনের কথায় কাজ কি, বোন?” বক্তা কে? তিনি কাকে ‘বোন’ সম্বোধন করেছেন?
- (ঘ) “এই কি মা, তোমার নিষ্কাম ধর্ম? এই কি সন্ন্যাস? ভগবদ্বাক্য কোথায় মা, এখন?” বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) :

৫×৩=১৫

- (ক) “নৃশংস শিশু-হত্যাকারীর প্রতি কাহারও সহানুভূতি হইল না!” ‘বুধনী’ গল্প অবলম্বনে শিশু-হত্যার কারণ আলোচনা করো।
- (খ) “সনাতনপুরবাসিগণ স্বস্তির নিঃশ্বাস ফেলিলেন।” প্রসঙ্গটি বিশদ করো।
- (গ) “আমার পা কোলে লইয়া চাকরের মতো টিপিয়া দিবে।” উক্তিটির প্রসঙ্গ নির্দেশ করো।

(ঘ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসের ফুলমণি চরিত্রটি আলোচনা করো।

(ঙ) “স্বীর মত কোন্ ধন? আপনি তাই আমাকে দিয়াছেন। ইহার বেশী আর কি দিবেন?” বক্তা কে? তিনি কাকে, কোন্ পরিস্থিতিতে একথা বলেছিলেন, আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) ‘নিমগাছ’ গল্পে “গৃহবধূর জীবনকে নিমগাছের জীবনে প্রতিকায়িত করে লেখক ব্যবহারিক দৃষ্টিভঙ্গির উর্ধ্ব রোমাণ্টিক সৌন্দর্য চেতনার বিকাশ ঘটিয়েছেন। কিন্তু অচিরেই সেই রোমাণ্টিক পরিমণ্ডলকে ছিন্ন করে বাস্তবকে প্রাধান্য দিয়েছেন।” ‘নিমগাছ’ গল্প অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

অথবা

মূল্যবোধের অবক্ষয়জাত ট্রাজিক রস কীভাবে ‘স্মৃতি’ গল্পের কথককে আচ্ছন্ন করেছিল তা কাহিনি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

(খ) ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসে হরবল্লভ চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

অথবা

বাঙালির পারিবারিক জীবনের নানা সম্পর্ক ও আচার-আচরণের যে ছবি ‘দেবী চৌধুরাণী’ উপন্যাসে পাওয়া যায় তা আলোচনা করো।

(4)

(গ) 'তাজমহল' গল্পের নামকরণ সার্থক হয়েছে কিনা, আলোচনা করো।

অথবা

'দেবী চৌধুরাণী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।
